

দশম ভারত-ইউরোপীয়ান ইউনিয়ন সন্ত্রাস বিরোধী সংলাপ

দশম ভারত-ইউরোপীয়ান ইউনিয়ন সন্ত্রাস বিরোধী সংলাপ অনুষ্ঠিত হল আজ, নয়াদিল্লিতে। ভারতীয় প্রতিনিধি দলকে নেতৃত্ব দেন শ্রী মহাভীর সিংভী, যুগ্ম সচিব, সন্ত্রাস বিরোধী শাখা, ভারতের পররাষ্ট্র মন্ত্রক। অন্যদিকে, ইউরোপীয়ান ইউনিয়নের প্রতিনিধি দলকে নেতৃত্ব দেন জনাব পাওয়েল হেরসিঞ্চি, নিরাপত্তা সংক্রান্ত নীতি পরিচালক, ইউরোপীয়ান এক্সটারনাল অ্যাকশন সার্ভিস।

আলোচনাকালে, উভয় পক্ষ সন্ত্রাসবাদের সকল প্রকার ও ধরনের তীব্র নিন্দা করেন এবং দীর্ঘমেয়াদী, সুদৃঢ় ও ব্যাপক ভাবে সন্ত্রাসবাদ মোকাবিলা করার জন্য সহযোগিতাকে আরও গভীরতর করার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন। রাষ্ট্রীয়-মদতপুষ্ট, আফগান-পাক অঞ্চলে সীমান্ত টপকে সন্ত্রাস-সহ উভয় পক্ষের নিজ নিজ এলাকায় সন্ত্রাসবাদী ভূমকির বিষয়ে তারা মতামত এবং মূল্যায়ণ বিনিময় করে। এ ছাড়াও বিভিন্ন সন্ত্রাসবাদী সংগঠন, মৌলবাদ, হিংসাত্মক চরমপন্থা, বিদেশি সন্ত্রাসবাদী যোদ্ধা এবং সন্ত্রাসবাদীদের আর্থিক সাহায্যের বিষয়গুলি নিয়েও তাঁরা আলোচনা করেন।

সন্ত্রাসবাদ বিরোধী জমি মজবুত করার লক্ষ্যে ভারতীয় নিরাপত্তা সংস্থা এবং ইন্টারপোল-সহ ইউরোপীয় ইউনিয়নের নিরাপত্তা সংস্থার মধ্যে ঘনিষ্ঠ যোগাযোগ এবং সহযোগিতা বাড়ানোর বিষয় উভয় পক্ষ সহমত হয়। এ ছাড়াও উভয় পক্ষ সন্ত্রাসবাদ এবং সহিংস চরমপন্থার প্রতিবাদে প্রশিক্ষণ কর্মসূচির সক্ষমতা বৃদ্ধির বিষয়েও সহমত হয়। এ ছাড়াও ইউএন এবং এফএটিএফ-এর অধীনে সন্ত্রাসবাদ বিরোধী সহযোগিতা মজবুত করার বিষয়েও গুরুত্ব আরোপ করা হয়।

ভারত-ইউরোপীয় ইউনিয়নের পরবর্তী সন্ত্রাস বিরোধী সংলাপ অনুষ্ঠিত হবে ব্রাসেলসে, ২০১৮ সালে, পারম্পরিক সুবিধাজনক তারিখে।

নয়াদিল্লি

অগস্ট ৩০, ২০১৭